



W

দানব পোকার গল্প

• মুস্তাফা মাসুদ •

পোকার সাইজ এতবড় হয়, আগে তা কেউ জানত না। হাজারো পোকা-মাকড়ের বাস এই পৃথিবীতে। ঘরবাড়ি, মাঠঘাট, বন-জঙ্গল, পাহাড়-পর্বত, দ্বীপ-উপদ্বীপ— কোথায় নেই পোকা-মাকড়ের ঘরবসতি? কিন্তু নিউজিল্যান্ডের লিটল ব্যারিয়ার দ্বীপের ওয়েটা প্রজাতির এই পোকাটির মতো পেপ্লায়-সাইজের দানবীয় পোকা আর কোথাও এর আগে কেউ দেখেনি। মার্ক মফেট নামক ৫৩ বছর বয়সী আমেরিকার কলোরাডোর এক প্রকৃতিপ্রেমিক বিজ্ঞানী নিউজিল্যান্ডের প্রত্যন্ত দ্বীপ লিটল ব্যারিয়ার আইল্যান্ডের একটি গাছের ওপর এই অতুত পোকাকার সন্ধান পেয়েছেন। ওজন এবং আকারে বড় হওয়ার কারণে এর নাম দেয়া হয়েছে 'দানবীয় ওয়েটা'। বিজ্ঞানী মফেট পরীক্ষা করে দেখেছেন, এটি পৃথিবীর এযাবতকালের সবচেয়ে বড় পোকা। একটা পুরুষ পোকাকার ওজন ৭১ গ্রাম— যা একটা চড়ুইয়ের ওজনের চেয়ে বেশি এবং ইঁদুরের ওজনের তিনগুন! এই পোকা দিবা একটা আন্ত গাজর খেয়ে সাবাড় করে ফেলে।

এর ডানা এবং শৃঁড়গুলো দাগড়া-দাগড়া, কাঁটাঅলা। বড় ডানা লম্বায় ৭ ইঞ্চি। মাথার ওপর আগেরকালের রাজা-বাদশাদের মতো মুকুট সজ্জিত যেন! জানা গেছে, নিউজিল্যান্ডে ওয়েটা প্রজাতির ৭০ ধরনের পোকা রয়েছে; কিন্তু বিজ্ঞানী মফেট-আবিষ্কৃত লিটল ব্যারিয়ার আইল্যান্ডের এই দানব ওয়েটাই সর্ববৃহত, অন্যগুলো ছোট-আকৃতির। আর দানব ওয়েটার বাস শুধুমাত্র লিটল ব্যারিয়ার দ্বীপেই, নিউজিল্যান্ডের অন্য কোথাও তাদের দেখা যায় না। জানা যায়, নিউজিল্যান্ডের মূল ভূখণ্ডে একসময় এরা ছিলো; কিন্তু ইউরোপীয়দের জাহাজের সাথে আসা ইঁদুরদের আক্রমণে দানব-পোকারা সেখান থেকে বিলুপ্ত হয়। এই 'দানব'দের আচার-আচরণও তাদের অন্য স্বজাতিদের থেকে বেশ আলাদা। এরা অন্য ওয়েটার মতো অতটা মিশুক বা সামাজিক নয়। কচি গাছ-পাতা, নানাধরনের ফল এবং ছোট পোকা-মাকড় এদের খাদ্য। এদিকে এই জাতের একটা স্ত্রী-ওয়েটার ওজন পেটে ডিমসহ ৭০ গ্রাম বা তারও বেশি হয়।